

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.০২৯.০০১.১৬- ৬ ৩২

তারিখঃ ০৪ বৈশাখ ১৪২৪
১৭ এপ্রিল ২০১৭

বিষয় : পানি বিষয়ক আঞ্চলিক সম্মেলন ২০১৭ এর প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পর্কিত।


সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং- ৮১(১৩) তারিখঃ ০২/০৪/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জুলাই ২০১৭ মাসের শেষ সপ্তাহে ঢাকায় অনুষ্ঠিত পানি বিষয়ক আঞ্চলিক সম্মেলন ২০১৭ তে দক্ষিণ এশিয়া, পূর্ব এশিয়া এবং এশিয়া প্যাসিফিক অঞ্চলের মোট ২৯ টি দেশ অংশগ্রহণ করবে। প্রতিটি দেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীসহ মোট ৩ (তিন) জনের একটি প্রতিনিধি দল সম্মেলনে উপস্থিত থাকবেন। ২৮/০৩/২০১৭ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর সভাপতিত্বে পানি বিষয়ক আঞ্চলিক সম্মেলনের বিষয়ে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সম্মেলনের প্রস্তুতিমূলক সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

[পানি ব্যবহারে সতর্কতা ও সচেতনতা বিষয়ে জাতীয় পর্যায়ে ক্যাম্পেইন চালুর লক্ষ্যে স্কুল/কলেজ/মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। জাতীয় পর্যায়ে সাহিত্য, সংস্কৃতি, ক্রীড়া, শিক্ষা প্রভৃতি ক্ষেত্রে সুপরিচিত ব্যক্তিত্বকে সংযুক্ত করে স্পন্দন দৈর্ঘ্য সচেতনতামূলক তথ্যচিত্র (১ মিনিট) তৈরী করে গণমাধ্যমে প্রচার করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে আগামি ৩০ দিনের মধ্যে মুখ্য সমন্বয়ক (এসডিজি) কে অবহিত করবে।] (কার্যবিবরণী সংযুক্ত)

এমতাবস্থায়, পানি বিষয়ক আঞ্চলিক সম্মেলনের প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত (চ) অনুযায়ী আগামী ২৫/০৪/২০১৭ তারিখের মধ্যে তথ্যচিত্র তৈরী করে গণমাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনামতে।


শাহানারা খাতুন
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

বিতরণঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ✓ ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।